

লিখতে না পারা

পাতা জুড়ে অভিমানী মুখ
কবি জানে কতটা অসুখ
জমে আছে হৃৎকণিকায় ॥
ভালবেসে কবি তার গায়
হাত রাখে - হাত পুড়ে যায়

(আমরণ! কবিতার দায়-)
কবি জানে
কবিতা বিমুখ ॥

সুপ্রিয় ফণী

